

05

১

পটেটো হার্ভেস্টার উদ্ভাবন



● আবু সালে মো. ফাতাহ ●

আলু তুলতে এখন আর আগের মত অনেক শ্রমিক দরকার হবে না। দরকার হবে না বেশি সময়ের। অল্প সময়ে অধিক জমির আলু তোলা যাবে কয়েকজন শ্রমিক দিয়ে। আর এর ফলে কৃষকের আলু উৎপাদন খরচ কমে যাবে। কৃষক হবে লাভবান। আর এর জন্য দরকার পটেটো হার্ভেস্টার। পটেটো হার্ভেস্টার তৈরি করতে খরচ হবে পঁয়ত্রিশ হাজার টাকা মত। পাওয়ার টিলারের সাথে এই মেশিন লাগিয়ে প্রতিদিন ১০ থেকে ১২ বিঘা জমির আলু তোলা যায়। মেশিনের সাহায্যে আলু তোলার ফলে শ্রমিক খরচ অর্ধেকেরও কম হবে বলে জানান কৃষি কর্মকর্তা ও কৃষক। প্রতি বিঘা জমিতে আলু তোলার সময় ৮ থেকে ৯ জন শ্রমিকের দরকার

হয়। পাশাপাশি অন্যান্য খরচ লাগে। এতে করে বিধাপ্রতি ৩ হাজার টাকা খরচ পড়ে। তারপরও অনেক আলু মাটির নিচে থেকে যায়। এদিকে পটেটো হার্ভেস্টার দিয়ে আলু তোলা হলে মেশিন ভাড়া ও শ্রমিক খরচসহ মোট বিধাপ্রতি খরচ হয় প্রায় এক হাজার টাকা। মাটির গভীরে কোনো আলু থাকবে না। এমনকি আলু তোলার সময় আলু কেটেও যাবে না।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট আলু চাষিদের উৎপাদন খরচ কমাতে ও কৃষি কাজে শ্রমিক শাশ্রয়ী প্রযুক্তির কথা ভেবে রাজশাহীর সুজন মেটাল ওয়ার্কস নামের একটি প্রতিষ্ঠানকে দিয়ে এই পটেটো হার্ভেস্টার তৈরি করায়। রাজশাহীতে গুরু হয়েছে এর পরীক্ষামূলক কাজ। আলু চাষি মোঃ সায়েদ আলী, পুঠিয়ার শাখাওয়াত হোসেন, পবার মল্লিকপুরের আবু হেনা মোস্তফা কামাল, গোদাগাড়ীর মিজানুর রহমান কাজী, মোহনপুরের খানপুরের নূর আলম বলেন, আলু তোলার মৌসুমে লেবারের দাম বেড়ে যায়। একসাথে ঠিকমত লেবার পাওয়া যায় না। যদি এই পটেটো হার্ভেস্টার কৃষক পর্যায়ে সরবরাহ করা বা ভাড়া দেয়া যায় তাহলে তাদের মত হাজার হাজার আলু চাষি লাভবান হবে।

বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এর রাজশাহী আঞ্চলিক গম গবেষণা কেন্দ্রের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা কৃষি প্রকৌশলী ড. মোঃ এছরাইল হোসেন পটেটো হার্ভেস্টার উদ্ভাবন সম্পর্কে বলেন, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. আজিজের উৎসাহে আলু চাষিদের উৎপাদন খরচ কমাতে ও কৃষি কাজে শ্রমিক শাশ্রয়ী প্রযুক্তি উদ্ভাবনের কথা ভেবে, সুজন মেটাল ওয়ার্কস নামের একটি প্রতিষ্ঠানকে দিয়ে এই পটেটো হার্ভেস্টার তৈরি করানো হয়। পাওয়ার টিলারের সাথে সংযোগ দিয়ে এই মেশিনের সাহায্যে প্রতিদিন ১০ থেকে ১২ বিঘা জমির আলু তোলা যায়।

বীজ আলু উৎপাদক সমবায় সমিতির সভাপতি ও গবেষক অধ্যাপক ড. মনজুর হোসেন বলেন, পটেটো হার্ভেস্টার উদ্ভাবন হওয়ায় আলু চাষে ক্ষেত্রে এক নতুন মাত্রা যোগ হয়েছে। বিধাপ্রতি আলু উৎপাদনের খরচ ২ হাজার টাকার উপর কমে আসবে। এরপর এই মেশিনে জমি চাষও ভাল হবে, ফলে হাজার হাজার কৃষক লাভবান হবে।

বাংলাদেশ ফার্মারস এসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক সিদ্দিকুর রহমান ময়াজ পটেটো হার্ভেস্টার তৈরি করে আলু চাষিদের স্বল্পমূল্যে সরবরাহ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।